

আরশী নগর

বুকের মাঝ বরাবর পাঁচিল টেনে
একপাশে রাখি--
সাজানো গুছানো ঘর দালান
প্রাচুর্যের ছড়াছড়ি, বিনোদন।

অন্যপাশে -
অনাবাদি জমি, মিলের বন্ধ চাকা
ভয়ঙ্কর ক্ষিধে, অনিশ্চয়তা
বেহুদ দিন গুজরান।

একেই বলে সংসদীয় গণতন্ত্রের সহাবস্থান

এত কোলাহল, যুদ্ধ, সন্ধি প্রস্তাব
মনভোলা একাকি।
যারা সুদিনের সঙ্গী।
ছেড়ে গেছে আটটা চল্লিশের লোকাল।
লাইনে কারা।
ওরা শৈশব ছুঁয়ে রোজ বয়স্ক হয়ে ওঠে।

রফিক আলাম

